



বিডিআর নাম ও ইউনিফর্ম পুনর্বহাল করা হবে: তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিএনপি রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে বিজিবির আগের নাম বিডিআর পুনর্বহাল এবং পুরোনো ইউনিফর্ম ফিরিয়ে আনা হবে বলে জানিয়েছেন দলের চেয়ারম্যান তারেক রহমান। পাশাপাশি পিলখানা হত্যাকাণ্ডের দিনটিকে স্মরণে একটি বিশেষ দিবস ঘোষণার কথাও বলেন তিনি। শনিবার রাজধানীর একটি অনুষ্ঠানে সাবেক সশস্ত্র বাহিনীর সদস্য ও পরিবারের সামনে তিনি এ কথা জানান। তারেক রহমান বলেন, ২০০৯ সালের ঘটনার পর মুক্তিযুদ্ধের ঐতিহ্যবাহী নাম পরিবর্তন করা হয়েছিল, যা পুনরুদ্ধার করা হবে। সেনাবাহিনীর প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সংস্কার নিয়ে সাবেক কর্মকর্তাদের সুপারিশ বাস্তবায়নে প্রয়োজন হলে একটি সমন্বিত কমিটি গঠনের কথাও উল্লেখ করেন তিনি। একই সঙ্গে তিনি বলেন, সেনাবাহিনীকে কখনোই রাজনৈতিক স্বার্থে ব্যবহার করতে দেওয়া হবে না এবং বাহিনীর পেশাদার মর্যাদা অক্ষুণ্ণ রাখতে হবে।

LENS ASIA